“যখন তোমাদের কারো পাত্রে কুকুর পান করে, সে তা সাতবার ধুয়ে নিবে”

আবূ হুরাইরা রদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “যখন তোমাদের কারো পাত্রে কুকুর পান করে, সে তা সাতবার ধুয়ে নিবে”। আর সহীহ মুসলিমের বর্ণনায় রয়েছে: “তার প্রথমবার মাটি দিয়ে”।
[সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম পাত্রে কুকুর জিহ্বা দাখিল করলে সেটি সাতবার ধৌত করতে নির্দেশ দিয়েছেন। তার প্রথমটি হবে মাটি দিয়ে যাতে তার পরে পানি দিয়ে ধৌত করা হয়। তবেই নাপাকি থেকে ও তার ক্ষতি থেকে পরিপূর্ণ পবিত্রতা হাসিল হবে।

http://www.sunnah.global/hadeeth/bn/show/3143